


ছবি সৌজন্য - সিনক্লেয়ার্স হোটেলস্ লিমিটেড

সিনক্লেয়ার্স ডুয়ার্সে কটেজ সদৃশ রুম

# পুজোয় সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্সে

কাশ ফুলের গন্ধ আর শরতের আকাশে তুলোর মতো মেঘ... পুজোর আর বেশি দেরি নেই। আর পুজোর ছুটি মানেই বেড়ানোর প্ল্যানিংটাও স্পেশাল।

পাহাড়ের কোলে ডুয়ার্সের সবুজ প্রকৃতির মাঝে থাকার আনন্দ নিঃসন্দেহে হতে পারে আপনার জীবনের এক অনন্য অভিজ্ঞতা। তাই ছুটি কাটানোর সেরা ঠিকানা সিনক্লেয়ার্স রিট্রিট। ২০ একর সবুজ সমারোহের মাঝে ৬৬ টি বাতানুকূল কটেজ সদৃশ রুম, ৩ টি স্যুইট, সুইমিং-পুল, ইন্ডোর-আউটডোর গেমস্, অত্যাধুনিক স্পা, জিমসহ সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্স আপনার ডুয়ার্স ভ্রমণের অভিজ্ঞতাকে স্মরণীয় করে রাখবে। এছাড়াও বাচ্চাদের জন্য রয়েছে চিলড্রেনস পার্ক, সাইক্লিং ও অন্যান্য অ্যাক্টিভিটি জোন। সব বয়সের সব মানুষের জন্যই আছে সর্বাধুনিক সুযোগ সুবিধা ও আতিথেয়তার আশ্বাস।

বিস্তৃত চা বাগান ও গরুমারা উপত্যকার মাঝে সিনক্লেয়ার্স রিসর্টে বসে উপভোগ করুন প্রতিটি মুহূর্ত। সুসজ্জিত লবি থেকে গরুমারা উপত্যকার প্রাকৃতিক সৌন্দর্য আপনাকে মুগ্ধ করবেই। প্রত্যেকটি সুপিরিয়র রুম সুপ্রশস্ত এবং আভিজাত্যপূর্ণ। সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্সের আরেকটি বৈশিষ্ট্য এখানকার সুপরিকল্পিত স্যুইটগুলি - বড়া সাহিব কোঠি, বন্দুক বাবু কি কোঠি ও ন্যুভেল। বড়া সাহিব কোঠি ব্রিটিশ সাম্রাজ্যের সময় চা বাগানের সাহেবদের বাসস্থানের আদলে তৈরী। সেকালের ফরেস্ট রেঞ্জারদের ভাবনায় অনুপ্রাণিত 'বন্দুক বাবু কি কোঠি' ও আধুনিকতায় সুসজ্জিত 'ন্যুভেল' স্যুইট আপনাকে রোমাঞ্চিত করবেই।

রোমাঞ্চপ্রেমীদের জন্য ডুয়ার্স এক স্বর্গরাজ্য। বেরিয়ে পড়তে পারেন ট্রেকিং-এ অথবা খরস্রোতা তিস্তায় রোমাঞ্চকর হোয়াইট ওয়াটার র‍্যাফটিং-এ। নানান পাখিদের মিলনমেলা ডুয়ার্সে বার্ডওয়াচিং-ও এক দুর্দান্ত আকর্ষণ। চাপড়ামারি, জলদাপাড়া ও গরুমারা অরণ্যে আপনাকে ঘুরে আসতেই হবে বন্যজীবনকে কাছ থেকে দেখতে। পাহাড়ি উপত্যকা সুন্তালেখোলা ও কমলালেবু গাছে ঘেরা মায়াবী সামসিং আপনার ডুয়ার্স ভ্রমণের আনন্দকে কানায় কানায় পূর্ণ করবে। ডুয়ার্সের নৈসর্গিক সৌন্দর্যকে উপভোগ করার জন্য সিনক্লেয়ার্স রিট্রিট এক আদর্শ ঠিকানা। মাল্টিক্যুইজিন রেস্তোরাঁ - 'বেনিয়ান ট্রি'-তে পাবেন ভারতীয়, পাশ্চাত্য ও চাইনিজ রেসিপির এক অপূর্ব মেলবন্ধন। উৎকৃষ্ট মানের প্রত্যেকটা ডিশ আপনার রসনাকে তৃপ্ত করে। পড়ন্ত বিকেলের অবসরের মুহূর্তগুলি আনন্দময় করে তুলতে 'টাস্কার বার' রয়েছে। প্রকৃতির সৌন্দর্য দেখতে দেখতে 'ব্যাম্বু গ্রোভ'-এর স্ন্যাক্স ও আপনার পছন্দের ব্র্যান্ডের সাথে 'টাস্কার বার'-এ উপভোগ করুন কিছু একান্ত সময়। এই রিসর্টের নামী অপারেটর-এর তত্ত্বাবধানে থাকা স্পা-টিতে সারা বছরের ক্লান্তি মুছে ফেলতে পারেন অনায়াসেই। সঙ্গে থাকছে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত থেরাপিষ্ট ও নানাধরনের ম্যাসাজের এক দারুন মেলবন্ধন। সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্সের আরেকটি আকর্ষণ রিসর্ট চত্বরে এক প্রশস্ত সাইক্লিং ট্র্যাক। অথবা বেরিয়ে পড়তে পারেন রিসর্টের নিজস্ব ব্যবস্থায় বাইকিং ট্যুরে ছবির মতো গ্রামগুলির উদ্দেশে।

নববিবাহিত দম্পতিদের জীবনের সেরা মুহূর্তগুলি একান্তই নিজের মতো করে পাওয়ার অনবদ্য ঠিকানাও সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্স চালসা কটেজ। রয়েছে যে কোন ইভেন্টকে সাফল্যমণ্ডিত করে তুলতে সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্সের বিশেষ আয়োজন। বিজনেস কনফারেন্স প্রোডাক্ট লঞ্চ বা টিম বিল্ডিং অ্যাক্টিভিটির জন্য এটি পূর্ব ভারতের এক সেরা রিসর্ট।

তাই আর দ্বিধা না রেখে চলে আসুন সিনক্লেয়ার্স রিট্রিট ডুয়ার্সে। জীবন যেখানে প্রকৃতির সাথে মিলেমিশে একাকার হয়ে যায়।

**পুজো প্যাকেজ-**

৩ রাত্রি ৪ দিন থাকা

সুপিরিয়র ডাবল- ২২৯০০ টাকা

- ওয়েলকাম ড্রিঙ্ক
- ব্রেকফাস্ট ও ডিনার
- গরুমারা/সামসিং-এ সাইট সিয়িং
- সমস্ত কর

অফারের মেয়াদ- ১ থেকে ৩০ অক্টোবর ২০১১।

**জরুরী তথ্য—**

**সিনক্লেয়ার্স হোটেলস্ লিমিটেড**

প্রেসম্যান হাউস, ১০ এ লি রোড

কলকাতা-৭০০ ০২০

ফোন- (০৩৩) ২২৮০১৩১৭/১৮/১৯/২০

kolkata@sinclairshotels.com

www.sinclairshotels.com



হোটেল সিনক্লেয়ার্স দার্জিলিং-এর রুম থেকে দৃশ্যমান কাঞ্চনজঙ্ঘা

ছবি সৌজন্য - সিনক্লেয়ার্স হোটেলস্ লিমিটেড

# নতুন করে পাব বলে

এক রৌদ্রজ্জ্বল দিনে, হোটেল সিনক্লেয়ার্স দার্জিলিং-এর ঘরের ব্যালকনিতে দাঁড়িয়ে পৃথিবীর তৃতীয় বৃহত্তম পর্বত, কাঞ্চনজঙ্ঘার অনিন্দ্যসুন্দর রূপ সত্যিই অভূতপূর্ব। নিজ মাহাত্মেই পর্যটকদের আকর্ষণ করে সে। সূর্যালোকের বিচ্ছুরিত আলোতে বরফাবৃত কাঞ্চনজঙ্ঘার যে নয়নাভিরাম সৌন্দর্য তা অকল্পনীয়।

কাঞ্চনজঙ্ঘার অসাধারণ সৌন্দর্যের সাথে সাথে যদি থাকার জায়গাটা সিনক্লেয়ারস্ হয় তাহলে আপনার ষোল আনা সাধ পূর্ণ হবে। মল রোড থেকে গান্ধী রোডের দিকে এগিয়ে গিয়েই দেখা মিলবে স্বপ্নপুরী সিনক্লেয়ার্স-এর। কাঠের ফ্লোর ও সিলিং-এ মূর্ত আভিজাত্যে পূর্ণ নিশ্চিন্ত আরামের এই আদর্শ ঠিকানায় নিজেকে পুনর্জিবিত করুন। জলাভাবতাড়িত দার্জিলিংয়ে সিনক্লেয়ার্সের অ্যাটাচ্‌ড বাথরুমে ২৪ ঘন্টা গরম জলের যোগান এক নিশ্চিন্ত আশ্বাস দেয়। হোটেলের ঘরগুলির মধ্যে যেন আধুনিকতা ও সাবেকিয়ানার মেলবন্ধন ঘটেছে। ঘরে রয়েছে বিলাসবহুল ব্যবস্থা।

আঁকাবাঁকা পাহাড়ি পথ, টয় ট্রেন, কাঞ্চনজঙ্ঘা ম্যাল, কমলালেবু সবমিলিয়ে দার্জিলিং জমজমাট। হনিমুনে যাঁরা আসেন সিনক্লেয়ার্স-এর কাঞ্চনজঙ্ঘার খোলা দৃশ্য আর ব্যক্তিগত বারান্দাসহ বিশেষ হনিমুন স্যুইট সেই বিশেষ মুহূর্তগুলি স্মরণীয় করে। ছোটদের মনোরঞ্জনের জন্য রয়েছে টেবিল টেনিস, পুল টেবিল প্রভৃতি। আর একটু রিল্যাক্স মুডে সময় কাটাতে চাইলে হোটেলেই পেয়ে যাবেন বার যেখানে ডিনারের পরে মনপসন্দ ককটেল বানিয়ে দেবে বারট্রান্ডার। নিজের জন্য জিম আর সহধর্মীনির জন্য চান স্পা - তাও মজুদ আছে এখানে।

এখানকার 'দি কাঞ্চনজঙ্ঘা' মাল্টিক্যুইজিন রেস্তোরাঁয় পেয়ে যাবেন ইন্ডিয়ান ও চাইনিজ ডিশের বিশাল সম্ভার, যা একবার চেখে দেখলে মুখে লেগে থাকবে। সকালে ব্রেকফাস্টটা বুফেতে সেরে নিতে পারেন। 'মাউন্ট ভিউ' কাফেতে বসে কাঞ্চনজঙ্ঘা দেখতে দেখতে খাওয়াটা এক অভিজ্ঞতা।

ট্যুর প্ল্যানও করে দেয় হোটেল সিনক্লেয়ার্স। সাইট সিয়িং-এর মধ্যে দেখার দার্জিলিং-এর বিভিন্ন জায়গা। যেমন টাইগার হিল, ঘুম মনাস্ট্রি, রক গার্ডেন, গঙ্গামাইয়া ফলস্, হিমালয়ান মাউন্টেনিয়ারিং ইনস্টিটিউট, জু, আভা আর্ট গ্যালারি, টি গার্ডেন, তাছাড়া একদিনের ডে ট্রিপে মিরিক, নেপালের সীমান্তের কাছে পশুপতি মার্কেট দেখে নিতে পারেন।

এককথায় বলতে গেলে দার্জিলিং বেড়াতে গেলে হোটেল সিনক্লেয়ার্স হবে আপনার জন্য আদর্শ। সেখানে সবরকমের সুবিধার সরঞ্জাম পেয়ে যাবেন। তাছাড়া যদি কলকাতা থেকে গাড়িতে দার্জিলিং যেতে চান হোটেলে নিরাপদভাবে গাড়ি পার্কিং করার ব্যবস্থাও আছে। কনফারেন্স, বিজনেস মিটিং প্রভৃতির জন্য আদর্শ 'দি পিনাকেল' কনফারেন্স হল। তাই বিশ্ববন্দিত দার্জিলিং-এ এসে সেখানকার রঙে মাতাল হতে, মোহময়ী কাঞ্চনজঙ্ঘার রূপ আহরণ করতে এবং ছুটির আমেজে গা ভাসাতে চলে আসুন হোটেল সিনক্লেয়ার্সে।

**পুজো প্যাকেজ-**

৩ রাত্রি ৪ দিন থাকা।

স্ট্যান্ডার্ড ডবল- ১৬,৬০০ টাকা

ডিল্যাক্স ডবল- ১৮,২০০ টাকা

- ওয়েলকাম ড্রিঙ্কস্
- ব্রেকফাস্ট ও ডিনার
- সাইট সিয়িং- টাইগার হিল, বাতাসিয়া লুপ ও ঘুম মনাস্ট্রি।
- সমস্ত কর

সময় মেয়াদ- ১ থেকে ৩০ অক্টোবর, ২০১১।

**জরুরী তথ্য—**

**সিনক্লেয়ারস্ হোটেলস্ লিমিটেড**
প্রেসম্যান হাউস
১০ এ লি রোড
কলকাতা-৭০০ ০২০
ফোন- (০৩৩)
২২৮০১৩১৭/১৮/১৯/২০
kolkata@sinclairshotels.com
www.sinclairshotels.com



ছবি সৌজন্য - সিনক্লেয়ার্স হোটেলস্ লিমিটেড

সমুদ্র কিনারে সিনক্লেয়ার্স বেভিউ

# নীল সাগরের পানে হোটেল সিনক্লেয়ার্স বেভিউ

সমুদ্রের স্বচ্ছ নীল জলে সময় কাটাতে চান একান্তভাবে? কিংবা যদি পাম গাছের ধারে বসে সানবাথ নিয়ে নিরন্তর নীল সমুদ্রের অতল আহ্বানে ভেসে যেতে চান তাহলে বেরিয়ে পড়ুন পোর্টব্লেয়ারের উদ্দেশে। আর সেই পোর্টব্লেয়ারেই রয়েছে আন্দামানের অন্যতম সেরা ঠিকানা হোটেল সিনক্লেয়ার্স বেভিউ পোর্টব্লেয়ার। স্বপ্নালু এই দ্বীপপুঞ্জের বিলাসবহুলতার এক প্রতিচ্ছবি এই হোটেল।

এয়ারপোর্ট থেকে গাড়িতে ১৫ মিনিটের দূরত্বে সিনক্লেয়ার্স বেভিউ আধুনিকতার মোড়কে সুসজ্জিত। নির্জন সৈকতে একান্তভাবে নিশ্চুপ প্রকৃতির মাঝে হারিয়ে যেতে সমুদ্র কিনারে তৈরী বেভিউ পোর্টব্লেয়ার-এর একমাত্র হোটেল যার প্রায় সবকটি ঘর থেকে অথবা প্রাইভেট ব্যালকনি থেকে শান্ত, স্বর্গীয়, সুনীল সমুদ্র দৃশ্যমান। ইকো-ফ্রেন্ডলি ও প্রকৃতিসিক্ত ৪৩টি ঘর ও তিনটি স্যুইটে সমৃদ্ধ এই হোটেলটি মনে দাগ কাটার মতন। নববিবাহিত দম্পতিদের নতুন জীবনের সতেজ স্মৃতিকে আরও রঙিন করতে বিশেষ ব্যবস্থাসহ হনিমুন রুমও আছে, যেখানে একদিকে নীল সমুদ্র ও অন্যদিকে রস আইল্যান্ড। হোটেলের আতিথেয়তাও মন মুগ্ধ করে দেয়। পর্যটকদের চাহিদা অনুযায়ী সহায়তা সবসময়ই লভ্য। রিসেপশন থেকে পেয়ে যাবেন যাবতীয় তথ্য। এছাড়া রোমাঞ্চ সফরে স্কুবা ডাইভিং থেকে প্যারাসেলিং ও যাবতীয় সাইটসিয়িং-এর সুবন্দোবস্ত করে বেভিউ। এছাড়া করবাইনস কোভ, রস আইল্যান্ড, ভাইপার আইল্যান্ড, নর্থ বে, এশিয়ার সেরা সৈকতের মধ্যে অন্যতম হ্যাভলকের রাধানগর বিচের অপার সৌন্দর্যে মাতাল হতে দেখে নিতে পারেন এগুলি। চিড়িয়া টাপু (বার্ড ওয়াচিং-এর জন্য), সেলুলার জেলের লাইট এন্ড সাউন্ড শো অবশ্যই দেখে নেবেন।

হোটেল সিনক্লেয়ার্স বেভিউ অতিথিদের জন্য নানারকম সুযোগ সুবিধা করে দিয়ে থাকে। মাল্টিক্যুইজিন রেস্তোঁরা 'দ্য বেভিউ'তে পাবেন মনের মতন খাবার। আবার সন্ধ্যায় নীল সাগরের ধারে মন মাতাতে 'কোরাল বারে' চলে যেতে পারেন। তাছাড়া জিম, স্পা, সুইমিং পুলে সারাদিনের ক্লান্তি জুড়িয়ে আরাম মহলের সমস্ত উপকরণই হাজির। এছাড়া রয়েছে ১৬০০ স্কোয়ার ফিটের মিটিং এরিয়া।

তাই পোর্ট ব্লেয়ারে এলে অবশ্যই থাকুন হোটেল বেভিউ-তে।

**পুজো প্যাকেজ-**

৩ রাত্রি ৪ দিন থাকা

ডিলাক্স ডবল- ২২০০০ টাকা

- ওয়েলকাম ড্রিঙ্কস্
- এয়ারপোর্টে যাতায়াত
- ব্রেকফাস্ট ও ডিনার
- সাইট সিয়িং - সিটি ট্যুর ও লাইট এন্ড সাউন্ড শো,
- সমস্ত কর

**জরুরী তথ্য—**

**সিনক্লেয়ার্স হোটেলস্ লিমিটেড**

প্রেসম্যান হাউস, ১০ এ লি রোড

কলকাতা-৭০০ ০২০

ফোন- (০৩৩) ২২৮০১৩১৭/১৮/১৯/২০

kolkata@sinclairshotels.com

www.sinclairshotels.com